সংসারপথে ভ্রমণশীল জীবের অন্য কোন পরম লাভ নাই। "শমো মন্নিষ্ঠতা বুদ্ধেঃ", অর্থাৎ শ্রীভগবান উদ্ধবকে কহিয়াছিলেন—"হে উদ্ধব! আমাতে নিষ্ঠাপ্রাপ্ত বুদ্ধির নাম শম অর্থাৎ শান্তি। যে শান্তি অর্থাৎ ভগবন্নিষ্ঠা ধ্যানাদি রাশি রাশি সাধনের দ্বারা লাভ করিতে পারা যায় না, এই কীর্ত্তন হইতে অনায়াসে সেই পরাশান্তি লাভ করিতে পারা যায় এবং আনুষঙ্গিক-ভাবে সংসারও ক্ষয় হইয়া থাকে।" এই সঙ্কীর্ত্তন কেবল কলিযুগেই প্রচারিত হয়েন বলিয়া ধ্যানেই নিষ্ঠাযুক্ত সত্যযুগের প্রজাগণ এই কলিযুগের মত ভগবন্নিষ্ঠা প্রাপ্ত হন নাই। 'মহাভাগবতগণ কলিযুগে নিত্যই ভগবৎ কীর্ত্তন করিয়া থাকেন'। স্কন্দপুরাণের এই বাক্য অনুসারে পাওয়া যায় যে—ভগবচ্চরণে তাদৃশ পরমোৎকৃষ্ট নিষ্ঠালাভের কারণ শ্রীসঙ্কীর্ত্তন-মাহাত্ম্য দীনজনের প্রতি পরম কৃপাশালী ভগবান্ ধ্যান-যজ্ঞ প্রভৃতি অতি কঠোর সাধন করিবার সামর্থ্যবিশিষ্ট সত্যাদি যুগে প্রকাশ করেন নাই। সেইজন্য ধ্যানাদি সাধন করিবার সামর্থ্যবিশিষ্ট সেই সেই যুগের প্রজাগণও কেবলমাত্র জিহ্বা ও ওষ্ঠের স্পন্দনমাত্রেই যে সাধন কৃত হয়, সেই কীর্ত্তনকে তেমন শ্রেষ্ঠ বলিয়া মনে করেন না, এবং তজ্জন্যই কীর্ত্তনরূপ সাধনের উপর নিজ ইষ্টলাভ বিষয়ে শ্রদ্ধাযুক্ত হইতে পারেন না। মূলকথা—তাহারা এই কীর্ত্তনাঙ্গ-ভক্তিকে কেবল ওষ্ঠাধর স্পন্দনমাত্র দ্বারা সাধ্য বলিয়া বহু আয়াসসাধ্য ধ্যানাদি করিতে সমর্থ সত্যাদি যুগের প্রজাগণ এই কীর্ত্তনের উপর আদর করিতে পারেন না। যেমন বহু অর্থশালী ব্যক্তি অল্পমূল্যের ঔষধের উপর আদর করিতে পারে না, অথচ সেই ঔষধ দ্বারা দূরারোগ্য ব্যাধিও উপশম হইতে পারে। এস্থলেও তেমনই বুঝিতে হইবে। অতএব কলিযুগের যে সকল প্রজা, তাহাদিগের শ্রীভগবানে পরম নিষ্ঠার কথা শ্রবণ করিয়া, সেই নিষ্ঠালাভ করিবার জন্য সত্যাদি যুগের প্রজাগণ কলিযুগে কেবল নিজের জন্ম প্রার্থনা করিতেন। শ্রীকরভাজন যোগীন্দ্র নিমিমহারাজকে ১১।৫।৩৫ শ্লোকে বলিয়াছিলেন—"হে রাজন্! সত্যাদি যুগের প্রজাগণ কলিযুগে জন্ম প্রার্থনা করেন। কারণ কলিযুগের প্রজাগণ শ্রীনারায়ণপরায়ণ হইবে।" এস্থলে ভবিষ্যৎকালের ক্রিয়া প্রয়োগ করিয়া জানাইলেন যে—নিমিমহারাজের সহিত করভাজন যোগীন্দ্রের যে সংবাদ হইয়াছিল, তাহা ত্রেতাযুগে। যেহেতু "সীতাপতি র্জয়তি লোকমলঘ্নকীর্ত্তিঃ"। ১১।৪।২১ এই শ্লোকে "জয়তি"—এই বর্ত্তমানকালের ক্রিয়া উল্লেখ করায় নবযোগীন্দ্রের মধ্যে দ্রুমিলনামে যোগীন্দ্রের বাক্যে ত্রেতাযুগের কথাই সূচিত হইতেছে ॥ ২৭৩ ॥

মূলশ্লোকে 'নারায়ণপর' বলিতে শ্রীনারায়ণ বিষয়ে প্রেমবান্—এইরূপ